



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-২১০/ ২৭৮৬

তারিখঃ ১৬/০১/২০১৮খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।


সূত্রঃ ১) স্মারক নং- ০৫.০০.১৯৪০.০০০.৩৪.০২৮.১৭-১৩১৮; তারিখঃ ১৯/১২/২০১৭খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-২১০/২৩৩; তারিখঃ ১৬/০৩/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলাধীন নবিয়াবাদ ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার এর বিরুদ্ধে একমাত্র প্রতিষ্ঠাতাকে বাদ দিয়ে অবৈধভাবে ম্যানেজিং কমিটি গঠন করেছেন মর্মে প্রতিষ্ঠাতা দাবীদার এডভোকেট মোঃ আলমগীর ভূঞা একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেন।

দাখিলকৃত অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লাকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দেবিদ্বার, কুমিল্লা এর মাধ্যমে সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, এডভোকেট মোঃ আলমগীর ভূঞা নবিয়াবাদ ইসলামিয়া দাখিল মাদ্রাসার একমাত্র প্রতিষ্ঠাতা সদস্য। তাকে বাদ দিয়ে ম্যানেজিং কমিটি গঠনের কোন সুযোগ নাই।

বর্ণিত অবস্থায় প্রকৃত প্রতিষ্ঠাতা সদস্যকে বাদ দিয়ে ম্যানেজিং কমিটি গঠন বিধি সম্মত না হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/৮৬৪/নথি নং-কুমিঃ ২১০; তারিখঃ ১৬/০২/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য সুপার ও সভাপতিকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


14.01.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সভাপতি/সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, নবিয়াবাদ ইসলামিয়া দাখিল মাদ্রাসা, দেবিদ্বার, কুমিল্লা।

২) সুপার, নবিয়াবাদ ইসলামিয়া দাখিল মাদ্রাসা, দেবিদ্বার, কুমিল্লা।

নং- বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-২১০/

তারিখঃ /০১/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, কুমিল্লা।
২. উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা।
৩. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দেবিদ্বার, কুমিল্লা।
৫. এডভোকেট মোঃ আলমগীর ভূঞা, প্রতিষ্ঠাতা, নবিয়াবাদ ইসলামিয়া দাখিল মাদ্রাসা, দেবিদ্বার, কুমিল্লা।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪